

বেপজা পাবলিক স্কুল ও কলেজ, চট্টগ্রাম ইপিজেড ।

নির্বাচনি পরীক্ষার পাঠ পরিকল্পনা - ৪

সুপ্রিয় শিক্ষার্থীবৃন্দ(সেশন: ২০১৯ - ২০),

আশা করছি তোমরা সবাই ভালো আছো । তোমরা সবাই জানো, আমি করোনা আক্রান্ত হয়ে বেশ ঝুঁকিপূর্ণ অবস্থায় গিয়ে সেখান থেকে তোমাদের সবার দোয়ায় ফিরে এসেছি । করোনা পরবর্তী আমার শারীরিক অবস্থা খুব বেশি ভালো ছিলোনা, এখনও অনেক জটিলতা থেকে গেছে । তবুও আমি ফিরে আসার চেষ্টা করছি এবং দিন দিন উন্নতি করছি । আমার শারীরিক ও মানসিক অবস্থার কারণে আমি তোমাদের টেস্ট পরীক্ষার সিলেবাসের উপর লেসন প্ল্যান এবং নমুনা প্রশ্নোত্তর ওয়েবসাইটে আপলোড করতে পারিনি । এজন্য আমি দুঃখ প্রকাশ করছি । এখন থেকে আমি ধীরে ধীরে সেগুলো আপলোড করবো । প্রথমে আমি নমুনা প্রশ্নোত্তরগুলো আপলোড করবো যাতে তোমরা দ্রুত প্রস্তুতি নিতে পারো । পরে সময় নিয়ে লেসন প্ল্যানগুলো আপলোড করবো । তোমাদের সাময়িক অসুবিধার জন্য আমি আবারও দুঃখ প্রকাশ করছি ।

পদার্থবিজ্ঞান বিষয়ে তোমাদের নির্বাচনি পরীক্ষার সিলেবাস হলো সম্পূর্ণ বোর্ড সিলেবাস অর্থাৎ সম্পূর্ণ বই, কিন্তু করোনা পরিস্থিতির কারণে তোমাদেরও সংক্ষিপ্ত সিলেবাস হলো -

পদার্থবিজ্ঞান প্রথম পত্র: ৯ম অধ্যায়, ১০ম অধ্যায় ।

পদার্থবিজ্ঞান দ্বিতীয় পত্র: ১ম অধ্যায়, ৮ম অধ্যায়, ৯ম অধ্যায় ।

এই সপ্তাহে গত লেসন প্ল্যান অনুযায়ী দ্বিতীয় পত্রের ১ম অধ্যায়ের নমুনা প্রশ্নোত্তর আপলোড করা হয়েছিল । আজ দ্বিতীয় পত্রের ৮ম অধ্যায়ের নমুনা প্রশ্নোত্তর আপলোড করা হলো । এরপর দুএকদিনের মধ্যে দ্বিতীয় পত্রের ৯ম অধ্যায় আপলোড করবো । তোমরা বাসায় বসে নির্দেশনা মোতাবেক অনুশীলন করবে ।

সবাই ভালো থাকো, সুস্থ থাকো ।

বি. দ্র. - আমার তাড়াহুড়োয় হয়তো কোন কোন জায়গায় ভুল থেকে যেতে পারে । যদি তোমাদের কোন অসামঞ্জস্য মনে হয়, তবে আমাকে ফোনে যোগাযোগ করো ।

আমার মুঠোফোন নম্বর: ০১৮১৯-৭৪৮২৮১ ।